

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
পুলিশ হেডকোয়ার্টার্স
ঢাকা

২/২
স্বাক্ষরিত/অর্থাৎ জরুরী
ফায়ার/বিশেষ বাহক মারফত

স্মারক নং-৪৪.০১.০০০০.০১৯.২৯.০০১.২০১৭- ০৪৪৩

তারিখ : ২২/০৯/২০১৭ খ্রিঃ।

বিষয় : পুলিশ ক্রিম্যারেস সার্টিফিকেট প্রদান সংক্রান্তে কতিপয় নির্দেশনা বাস্তবায়ন প্রসঙ্গে।

সূত্র : পররাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং-৫৮.০০.০০০০.০৩১.০৩.০০৮.১৭/২০৫৯, তারিখ-০৩/০৮/২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে দক্ষিণ আফ্রিকার মান্যবর রাষ্ট্রদূত জনাব শাকির আহমেদ চৌধুরী স্বাক্ষরিত পত্রে পুলিশ ক্রিম্যারেস সার্টিফিকেট প্রদান সংক্রান্ত কতিপয় বিষয়ে দৃষ্টি আকর্ষণ করা হয়েছে। পত্রে উল্লেখিত বিষয় ছাড়াও এতদবিষয়ে সংশ্লিষ্ট সকল দপ্তর এবং আবেদনকারীদের সঙ্গে আলাপ-আলোচনার মাধ্যমে পুলিশ ক্রিম্যারেস সার্টিফিকেট প্রাপ্তির লক্ষ্যে আবেদন পর্যায় হতে সার্টিফিকেট হস্তগত হওয়া পর্যন্ত বিভিন্ন ধাপে সমস্যাসমূহ চিহ্নিতকরণের চেষ্টা করা হয়েছে। বিস্তারিত অনুসন্ধান দেখা যায়, বিদেশ হতে পুলিশ ক্রিম্যারেস সার্টিফিকেট এর জন্য আবেদন করলে বিভিন্ন ধাপ পেরিয়ে একটি চক্র (Cycle) সম্পন্ন করে সার্টিফিকেট হস্তগত হতে দীর্ঘ সময় লেগে যায়। কাজিত সময়ে পুলিশ ক্রিম্যারেস সার্টিফিকেট না পাওয়ার বিদেশে অবস্থানরত বাংলাদেশীগণ নানাবিধ আইনগত জটিলতার সম্মুখীন হন। বিদেশী নাগরিকগণও বাংলাদেশের সরকারী সেবা প্রাপ্তির ক্ষেত্রে দীর্ঘসূত্রিতার জন্য হতাশা ব্যক্ত করেন। বাংলাদেশ পুলিশ এ বিষয়টি যথাযথভাবে উপলব্ধি করেছে এবং সমস্যা সমাধানে ইতিমধ্যেই ব্যবস্থা গ্রহণ করেছে।

২। গত জানুয়ারি ২০১৭ হতে মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় কর্তৃক বাস্তবায়িত a2i (access to information) প্রজেক্টের আওতায় বাংলাদেশ পুলিশের উদ্যোগে অনলাইন পুলিশ ক্রিম্যারেস সার্টিফিকেট প্রদান সেবা কার্যক্রম শুরু হয়েছে। দেশের অভ্যন্তরে এবং বিদেশ হতে যে কোন বাংলাদেশী নাগরিক অনলাইনে (<http://pcc.police.gov.bd> ঠিকানাঃ) পুলিশ ক্রিম্যারেস সার্টিফিকেট এর জন্য আবেদন করতে পারেন। উল্লেখিত ঠিকানায় অনলাইনে আবেদনের নিয়মাবলী বিস্তারিতভাবে বর্ণনা করা হয়েছে। আবেদনকারী অথবা তার পক্ষে মনোনীত কোন ব্যক্তি অনলাইন অ্যাকাউন্টে প্রবেশপূর্বক প্রয়োজনীয় ডকুমেন্ট আপলোড করতে পারবেন। আবেদনকারী অনলাইনে উক্ত কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে প্রতিটি ধাপে বিদ্যমান Status সম্পর্কে জানতে পারেন। এছাড়াও কোন পর্যায়ে অনাকাঙ্ক্ষিত বিলম্ব পরিলক্ষিত হলে আবেদনকারী পুলিশ হেডকোয়ার্টার্সে অবস্থিত IT Help Desk সেন্টারের নিয়োজিত সংশ্লিষ্ট অফিসারদের সাথে টেলিফোনে (+৮৮০১৭৫৫৬৬০১৭২ নম্বরে) যোগাযোগ এবং হয়ারনির শিকার হলে সংশ্লিষ্ট অফিসারের বিরুদ্ধে অভিযোগ দাখিল করতে পারেন। অনলাইন সেবা কার্যক্রম চালুর পর মানুষ পূর্বের তুলনায় অনেক দ্রুত সময়ে পুলিশ ক্রিম্যারেস সার্টিফিকেট পাচ্ছেন। এমতাবস্থায় প্রবাসী বাংলাদেশী নাগরিকদের অনলাইনে পুলিশ ক্রিম্যারেস সার্টিফিকেট প্রদান সেবা গ্রহণের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে বিদেশে বাংলাদেশ মিশনসমূহকে অনুরোধ করা যেতে পারে।

উল্লেখ্য আবেদন অনলাইনে গ্রহণ করা হলেও পুলিশ ক্রিম্যারেস সার্টিফিকেট অনলাইনে প্রদান করা হচ্ছেনা। সার্টিফিকেট স্বাক্ষরিত হবার পর পুলিশ সুপারের কার্যালয় হতে অথবা বিদেশে বাংলাদেশ মিশনের মাধ্যমে আবেদনকারী অথবা তার কর্তৃক মনোনীত ব্যক্তি সার্টিফিকেট সংগ্রহ করতে পারেন।

সচিব
জননিরাপত্তা বিভাগ, পররাষ্ট্র মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃঃ আঃ উপসচিব, সুরক্ষা বিভাগ, নিরাপত্তা শাখা-২, স্বঃ সঃ)

অনুলিপি :

১। সচিব
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
(দৃঃ আঃ ডাইরেক্টর, কম্প্যুলার)।

(মোঃ মনিরুজ্জামান বিপিএম, পিপিএম-বার)

বিপি নং-৭৪৯৯০১০০৫৩

এআইজি (ইন্টিলিজেন্স এন্ড স্পেশাল এ্যাক্শন)

পক্ষে/ইস্পেক্টর জেনারেল, বাংলাদেশ পুলিশ
পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।

Email-aigcon@police.gov.bd

ফোন-৯৫৬৩২৩৫